# U.G. 6th Semester Examination - 2021

# BENGALI

## Course Code: BBNGDSRT-3 & 4 (DSE 3 & 4)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

এই প্রশ্নপত্রটিতে ২টি (DSE) প্রশ্নপত্র রয়েছে (DSE 3 এবং DSE 4)। ছাত্র/ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে তারা যেন এই দুটির মধ্যে তাদের নির্বাচিত প্রশ্নপত্রটির উত্তর করে।

## Title: বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক ও বিশ শতকের প্রথমার্ধ)

## Code: BBNGDSRT3 (DSE 3)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ‘কথোপকথন’ গ্রন্থটির রচয়িতা কে?

খ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর অক্ষয়কুমার দত্তকে কোন্ পত্রিকার সম্পাদক পদে নিয়োগ করেছিলেন?

গ) শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত একজন বিদেশি ব্যক্তির নাম করো।

ঘ) রামমোহন রায়ের লেখা বাংলা ব্যাকরণ গ্রন্থের নাম লেখো।

ঙ) ‘গোবিন্দলাল’ চরিত্রটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন্ উপন্যাসে রয়েছে?

চ) ‘চিন্তাতরঙ্গিণী’ কাব্যের রচয়িতা কে?

*[পরের পাতায়]*

ছ) বাংলা সাহিত্যের একজন খ্যাতিমান গীতিকবির নাম করো।

জ) ‘প্রফুল্ল’ নাটকটি কার লেখা?

ঝ) ‘বঙ্গদর্শন’ পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?

ঞ) ‘রাশিয়ার চিঠি’ গ্রন্থটি কে লিখেছেন?

ট) ‘বনলতা সেন’ কবিতার কবি কে?

ঠ) ‘সাগর থেকে ফেরা’ — কাব্যগ্রন্থ কার রচনা?

ড) ‘নরনারায়ণ’ নাটকটি কার লেখা?

ঢ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি আঞ্চলিক উপন্যাসের নাম উল্লেখ করো।

ণ) ‘কল্লোল’ পত্রিকার প্রকাশকাল লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×2=১০

ক) ফোর্ট উইলিয়ম কলেজের সঙ্গে যুক্ত একজন পণ্ডিত ও একজন মুন্সির নাম উল্লেখ করো।

খ) বিদ্যাসাগরের ‘ভ্রান্তিবিলাস’ গ্রন্থটি কোন্ মূল গ্রন্থের অনুবাদ? মূলগ্রন্থের লেখক কে?

গ) ‘সারদামঙ্গল’ কাব্যটি কে রচনা করেন? কাব্যটি কবে প্রকাশিত হয়?

ঘ) দীনবন্ধু মিত্রের লেখা দুটি নাটকের নাম লেখো।

ঙ) ‘আলালের ঘরের দুলাল’ কার লেখা? তিনি কোন্ ছদ্মনামে সুপরিচিত?

চ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘অচলায়তন’ নাটকটি কবে প্রকাশিত হয়? এটি কোন্ শ্রেণির নাটক?

ছ) ‘গফুর’ চরিত্রের স্রষ্টা কে? চরিত্রটি বাংলা সাহিত্যের কোথায় আছে?

জ) ‘সবুজপত্র’ পত্রিকা গোষ্ঠীর দুজন সাহিত্যিকের নাম উল্লেখ করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) গিরীন্দ্রমোহিনী দাসী অথবা মানকুমারী বসুর গীতিকবিতা সম্পর্কে আলোচনা করো।

গ) ছোটগল্পকার হিসাবে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) বাংলা উপন্যাসের ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোকপাত করো।

খ) বাংলা নাটকের ইতিহাসে নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব নিরূপণ করো।

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য প্রতিভা সম্পর্কে আলোচনা করো।



## Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ

## Course Code: BBNGDSRT4 (DSE 4)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) পদ কাকে বলে?

খ) অসমাপিকা ক্রিয়া কাকে বলে?

গ) একটি কৃদন্ত শব্দের উদাহরণ দাও।

ঘ) রূঢ় ও যোগরূঢ় শব্দের একটি পার্থক্য লেখো।

ঙ) শূন্যবিভক্তি বলতে কী বোঝ?

চ) ‘দুনয়নে অভাগার বহিতেছে নীর’ — এখানে কর্তৃকারক কোন্‌টি?

ছ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো — দেশোদ্ধার

জ) বিশুদ্ধ শব্দটি নির্বাচন করো: পাণিনী / পাণীনী / পাণীনি / পাণিনি।

ঝ) যৌগিক বাক্য কাকে বলে? উদাহরণ দাও।

ঞ) ভাববাচ্যে রূপান্তর করো ঃ ‘মশায়, কোথা থেকে আসছেন?’

ট) ‘অপেক্ষা’ - অনুসর্গ দিয়ে একটি বাক্য রচনা করো।

ঠ) ‘মুক্তি’ শব্দটির প্রত্যয় নিষ্পন্ন করো।

ড) ‘সমাস’ কথাটির অর্থ কী?

ঢ) দুটি যৌগিক শব্দের উদাহরণ দাও।

ণ) ‘প্র’ আর ‘অন’ উপসর্গ দিয়ে দুটি শব্দ গঠন করো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বিশেষণের তারতম্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো:

(১) ''আমায় রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা আনিয়া দিব'' (জটিল বাক্য)

(২) 'বৃথা আশা মরিতে মরিতেও মরে না।' (যৌগিক বাক্য)

গ) বাচ্য পরিবর্তন করো :

বারবেলা পড়ে গেল, আমার আর যাওয়া হল না (কর্তৃবাচ্য)

তিনি টিকিট কেনেন নি (কর্মবাচ্য)

ঘ) কারক নির্ণয় করো :

''নীল আকাশে কে ভাসালে সাদা মেঘের ভেলা।''

''আনিলা তোমার স্বামী বান্ধি নিজ গুণে।''

ঙ) লক্ষ্যার্থ ও ব্যঙ্গ্যার্থের দুটি পার্থক্য লেখো ঃ

চ) সঠিক বিশেষ্য নির্দেশ করো:

(১) ''পদ্মকোষের ব্রজমণি ঐ আমাদের ছেলের দল।'' (সংখ্যাবাচক বিশেষ্য / সমষ্টিবাচক বিশেষ্য / বস্তুবাচক বিশেষ্য)

(২) ''সবার উপরে মানুষ সত্য।'' (জাতিবাচক বিশেষ্য / সংজ্ঞাবাচক বিশেষ্য / বস্তুবাচক বিশেষ্য)

ছ) কৃৎ প্রত্যয় ও তদ্ধিত প্রত্যয়ের উদাহরণসহ সংজ্ঞা দাও।



জ) কোন্‌টি শুদ্ধ বিচার করো :

(১) উৎকর্ষতা / উৎকর্ষ

(২) উন্নতশীল / উন্নতিশীল

(৩) ইতিমধ্যে / ইতোমধ্যে

(৪) শূর্পণখা / শূর্পনখা

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'সর্বনাম' কাকে বলে? বাক্যে সর্বনামের প্রয়োগ বৈচিত্র্য দেখাও। ১+৪=৫

খ) প্রত্যয় নিষ্পন্ন করো : ১×৫=৫

(১) পৌরাণিক (২) ধীমান (৩) রজক (৪) জিজ্ঞাসা (৫) শ্রান্তি

গ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো : ১×৫=৫

(১) আমাকে থিয়েটারে হারমনিয়ম বাজাতেই হবে। (না-বাচক বাক্য)

(২) প্রতিভা কি শিক্ষা নিরপেক্ষ। (প্রশ্নবাচক)

(৩) কী সাংঘাতিক ছেলে! (নির্দেশক বাক্য)

(৪) সব কথা ওর মনে থাকে না। (ইতিবাচক বাক্য)

(৫) শিশুটিকে বিরক্ত করছ কেন? (অনুজ্ঞাসূচক বাক্য)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) কারক কাকে বলে? কারক কত প্রকার? প্রত্যেকটি কারকের সংজ্ঞা ও উদাহরণ লেখো। সম্বন্ধ পদ ও সম্বোধন পদকে কারক বলা যায় কি না, তা উদাহরণ সহ আলোচনা করো। ১+২+৫+২=১০

খ) একটি কবিতার রস আস্বাদনে শব্দের বাচ্যার্থ, লক্ষ্যার্থ এবং ব্যঙ্গার্থ কীভাবে কাজ করে, তা উদাহরণসহ বিশ্লেষণ করো। ১০

গ) সমাসের পূর্বপদ ও উত্তরপদ কাকে বলে? সমাস কত প্রকার? উদাহরণ দিয়ে সেগুলি আলোচনা করো। ২+২+৬=১০

---